অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের সূচনার কথা ঘোষণা করেছেন

সম্প্রদায় এবং অর্থনৈতিক উন্নয়ন, রিয়েল এস্টেট, ফৌজদারী ন্যায়বিচারের সংস্কার, এবং সরকারের নেতৃত্বকারী বিশেষজ্ঞদের প্যানেল সমবেত হবে প্রভাবিত সম্প্রদায়গুলিতে থাকা বন্ধ সংশোধনগারগুলি পুনর্গঠনের সুযোগগুলি পরীক্ষা করার জন্য

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী আধিকারিক হোপ নাইট এবং ফোর্ড ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ওয়াকার সহ-সভাপতি হবেন

গভর্নর ক্যাথি হোকল আজ প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের সূচনার কথা ঘোষণা করেছেন নিউ ইয়র্ক স্টেট জুড়ে উদ্ভাবনী পুনঃউন্নয়নের সুযোগের জন্য বন্ধ কারাগারগুলির পুনর্নির্মাণের উপর দৃষ্টি নিবদ্ধ করে। পনের সদস্যের প্যানেলটি, যা গভর্নর হোকলের 2022 সালের স্টেট অফ দ্য স্টেট বক্তৃতার অংশ হিসাবে প্রথম ঘোষিত হয়, তা রিয়েল এস্টেট, সম্প্রদায় এবং অর্থনৈতিক উন্নয়ন, ফৌজদারি বিচার সংস্কার এবং সরকার জুড়ে নেতৃস্থানীয় বিশেষজ্ঞদের নিয়ে গঠিত। প্যানেলের নেতৃত্ব দেবেন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) কমিশনার, প্রেসিডেন্ট এবং সিইও হোপ নাইট এবং ফোর্ড ফাউন্ডেশনের (Ford Foundation) প্রেসিডেন্ট ড্যারেন ওয়াকার।

"নিউ ইয়র্ক যখন এগিয়ে চলেছে, আমরা আমাদের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার উপায়গুলি খুঁজছি, যার মধ্যে আছে আঞ্চলিক সুযোগের কেন্দ্র হিসাবে বন্ধ থাকা রাজ্যের কারাগারের সম্পত্তিগুলি পুনরায় কল্পনা করা," **গভর্নর হোকল বলেন।** "যেমন আমি আমার স্টেট অফ দ্য স্টেটে প্রতিশ্রুতি দিয়েছিলাম, আমি সরকারী ও বেসরকারী সেক্টরের নেতৃবৃন্দের এবং তার সাথে সারা দেশের অর্থনৈতিক উন্নয়ন বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিশন তৈরি করেছি, যাতে আমাদের শিল্প এবং কর্মশক্তির লক্ষ্যগুলিকে কর্ম পরিকল্পনার সাথে সব চেয়ে ভালোভাবে সংযুক্ত করা যায় যা করদাতাদের অর্থ বাঁচাতে পারে এবং এই ভবনগুলিকে অর্থনৈতিক ইঞ্জিন হিসাবে নতুন জীবন দেয়। আমাদের চূড়ান্ত লক্ষ্য হল নিউ ইয়র্কবাসীকে কাজে লাগানো, এবং আমি নিশ্চিত যে এই নবগঠিত জেল পুনঃউন্নয়ন কমিশন (Prison Redevelopment Commission) ঠিক এটি করার জন্য একটি কর্ম পরিকল্পনা তৈরি করতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেছেন, "সদ্য নির্মিত জেল পুনঃউন্নয়ন কমিশনের সহ-নেতা হওয়ার জন্য গভর্নর হোকলের আমন্ত্রণ গ্রহণ করতে পেরে আমি গর্বিত, এবং গভর্নরের ধারণাকে বাস্তবে রূপ দিতে আমি ফোর্ড ফাউন্ডেশনের (Ford Foundation) সভাপতি ড্যারেন ওয়াকার এবং এই প্যানেলের বিশেষজ্ঞ সদস্যদের সাথে কাজ করার জন্য উন্মুখ। কর্মশক্তি উন্নয়ন গভর্নর এবং ESD উভয়ের জন্যই একটি অগ্রাধিকারের বিষয়, এবং এই প্রাক্তন কারাগারের স্থানগুলিকে এমন সাইটে পুনর্গঠন করা যা আঞ্চলিক শিল্পের প্রয়োজনগুলি পূরণ করতে পারে, রাজ্য জুড়ে এলাকাগুলিকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে, কারাগার থেকে উদ্ভাবনের দিকে এগিয়ে যাওয়ার মাধ্যমে।"

ফোর্ড ফাউন্ডেশনের সভাপতি ড্যারেন ওয়াকার বলেন, "কারাগার বন্ধ করা গণ বন্দিত্বের দুর্দশা মোকাবেলার জন্য গুরুত্বপূর্ণ, কিন্তু সেখানেই এর শেষ হতে পারে না — সবার জন্য ন্যায়বিচার অর্জন করতে, আমাদের অবশ্যই প্রতিটি সুযোগের সদ্ব্যবহার করতে হবে এবং কারাগারের পুনর্বিকাশের সুযোগগুলি অন্বেষণ করতে হবে যা নিশ্চিত করে যে ব্যক্তি এবং সম্প্রদায়ের, উভয়ের উন্নতির জন্য প্রয়োজনীয় অর্থনৈতিক সুযোগ রয়েছে। নিউ ইয়র্ককে কারাগারের জনসংখ্যা কমাতে এবং সকলের জন্য নিরাপত্তা, সুযোগ এবং ন্যায়বিচারের জন্য সম্প্রদায়ের কুশল-মঙ্গলকে উন্নত করার জন্য একটি নেতা হিসাবে অবস্থান করার জন্য গভর্নর হোকলের কারাগার পুনর্নির্মাণ কমিশনে যোগ দিতে পেরে আমি সম্মানিত।"

এলিজাবেথ গেইনস, অসবোর্ন অ্যাসোসিয়েশনের (Osborne Association) প্রাক্তন সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "অসবোর্ন অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সিং সিং এর ওয়ার্ডেন থাকার পর এবং 'এই আবর্জনার স্তূপটিকে' একটি মেরামতের দোকানে পরিণত করার প্রতিশ্রুতি দেওয়ার পর এক শতাব্দীর বেশি হয়ে গেছে। সেই সময় থেকে, অসবোর্ন কারাগারগুলিকে রূপান্তরিত করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিল, তাদের জন্য যারা সেখানে বসবাস করেন, সেখানে সাক্ষাতে যান এবং সেখানে কাজ করেন। কিন্তু সেই সময়ে কয়েক ডজন কারাগার খোলা এবং বন্ধ করা হলেও, নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করার এবং বন্ধের দ্বারা প্রভাবিত সম্প্রদায়ের চাহিদা পূরণ করার সুযোগ কখনও হয়নি যা এখন এই কমিশনের মাধ্যমে সম্ভব। ছয় বছরেরও বেশি সময় ধরে, অসবোর্ন কাজ করে যাচ্ছে -- রাজ্য, নিউ ইয়র্ক সিটি, ব্যক্তিগত পরোপকারী, বাণিজ্যিক ঋণদাতা এবং ব্রঙ্কসের জনগণের সহায়তায় -- বাতিল করা ফুলটন কারেকশনাল ফ্যাসিলিটিকে (Fulton Correctional Facility) একটি কমিউনিটি রিএন্ট্রি সেন্টারে রূপান্তর করার জন্য, যেখানে কারাগার থেকে বাড়িতে ফিরে আসা 130 জনেরও বেশি মানুষের জন্য অন্তর্বর্তীকালীন আবাসন প্রদান করার উদ্দেশ্যে। আমি সেই প্রচেষ্টা থেকে এবং কয়েক দশক ধরে রাজ্যের প্রতিটি অংশে কারাগারে কাজ করার অভিজ্ঞতা এই কমিশনের কাছে নিয়ে আসতে পেরে এবং সম্প্রদায়ের প্রয়োজন মেটাতে কীভাবে এই সংস্থানগুলিকে পুনরায় ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে স্টেকহোল্ডারদের কাছ থেকে শিখতে পেরে আমি উচ্ছ্বাসিত।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজের (New York State Association of Counties) নির্বাহী পরিচালক স্টিফেন অ্যাকুয়ারিও বলেছেন, "কাউন্টিগুলি রাজ্য সংশোধনী সুবিধাগুলি বন্ধের সাথে যুক্ত সম্প্রদায়ের উদ্বেগগুলি সম্বোধন করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করে। অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়াতে এই বিদ্যমান পরিকাঠামোকে কীভাবে

ব্যবহার করা যায় তা পুনর্গঠন, পুনর্কল্পনা এবং পুনর্বিবেচনা করার জন্য আমাদের একটি অনন্য সুযোগ রয়েছে। আমি এই সুবিধাগুলিকে সম্পদে রূপান্তর করার জন্য নতুন ধারণা এবং কৌশলগুলি অন্বেষণ করতে কমিটির সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি যা আমাদের সম্প্রদায়গুলির উন্নতি করে এবং সেগুলি শক্তিশালী করে।"

এই বছরে, আগে, তার স্টেট অফ দ্য স্টেটে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে তিনি কারাগারের পুনর্বিকাশের সুযোগগুলি বিশ্লেষণ করার জন্য কমিশন গঠন করবেন যা রাজ্যের অর্থনৈতিক চাহিদা পূরণ করে এবং একটি পরিষ্কার এবং বিশ্বাসযোগ্য কর্ম পরিকল্পনার সুপারিশ করবে। গত পনের বছরে বন্ধ হওয়া বিশটিরও বেশি কারাগারের সাথে গত শরতে গভর্নর হোকলের দ্বারা সনাক্ত করা কারাগারের বন্ধগুলি যোগদান করে। এই বন্ধগুলি এই সুবিধাগুলিকে আরও সৃজনশীল এবং উৎপাদনশীল উপায়ে রূপান্তর করার সুযোগ প্রদান করে, বিনিয়োগ এবং কর্মসংস্থান সৃষ্টির সুযোগের পথ প্রশস্ত করার সাথে সাথে।

কমিশনে রাজ্যের সংস্থাগুলির পাশাপাশি ফাউন্ডেশন, আঞ্চলিক নেতা এবং স্টেকহোল্ডারদের এবং অর্থনৈতিক উন্নয়নের বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করা হয়েছে যারা খালি কারাগারগুলিকে, যার মধ্যে অনেকগুলি তাদের গ্রামীণ সম্প্রদায়ের চাকরির কেন্দ্র ছিল, সেগুলিকে সম্প্রদায়ের সমৃদ্ধিলাভের সুযোগে পরিণত করার জন্য একটি কর্ম পরিকল্পনা তৈরির দিকে মনোনিবেশ করবে। আজ কমিশনের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছিল।

কমিশনের সদস্যরা হলেন:

অ্যান্টনি আনুচি, ভারপ্রাপ্ত কমিশনার, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিসন (New York State Department of Corrections and Community Supervision)

এরিক কুলেসেইড, নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার

জিনেট ময়, কমিশনার, অফিস অফ জেনারেল সার্ভিসেস (Office of General Services)

রবার্ট মুজিকা, পরিচালক, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ বাজেট (New York State Division of Budget)

রবার্টা রিয়ার্ডন, কমিশনার, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor)

স্টিভ অ্যাকুয়ারিও, নির্বাহী পরিচালক, নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজ (New York State Association of Counties)

ডেবোরা বার্ক, প্রতিষ্ঠাতা অংশীদার, ডেবোরা বার্ক পার্টনারস (Deborah Berke Partners)

হেথার ব্রিকসেটি, প্রেসিডেন্ট এবং CEO, দ্য বিজনেস কাউন্সিল অফ নিউ ইয়র্ক স্টেট (The Business Council of New York State)

জেফ বুয়েল, প্রিন্সিপাল, রেডবার্ন ডেভেলপমেন্ট (Redburn Development)

ডেভিড বুইকো, প্রেসিডেন্ট এবং CEO, গ্যালেসি গ্রুপ (Galesi Group)

পেনি হিল, অর্থনৈতিক উন্নয়ন ও কর্মীবাহিনীর উদ্যোগের ডিন, হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ (Hudson Valley Community College)

ক্রিস্টা হাইন্স, এক্সিকিউটিভ ডিরেক্টর, হাডসন রিভার হাউজিং (Hudson River Housing)

স্ট্যানলি রিচার্ডস, ডেপুটি CEO, ফরচুন সোসাইটি (Fortune Society)

রায়ান সিলভা, নির্বাহী পরিচালক, নিউ ইয়র্ক স্টেট ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (New York State Economic Development Council)

ডিনা ভ্যান বুরেন, প্রতিষ্ঠাতা, ডিজাইনিং জাস্টিস অ্যান্ড ডিজাইনিং স্পেসেস (Designing Justice and Designing Spaces)

কমিশন এই বছর জুড়ে নীতির আলোচনায় নিয়োজিত হতে, শিল্প বিশেষজ্ঞদের উপস্থাপনা শুনতে এবং গভীর বিশ্লেষণের জন্য ক্ষেত্রগুলি চিহ্নিত করার জন্য সমবেত হবে। কমিশনের বিশ্লেষণের প্রক্রিয়াকে অবগত করতে সাহায্য করার জন্য, রাজ্য এবং ESD প্রতিটি কারাগারের অঞ্চলের প্রতিনিধিত্বকারী স্টেকহোল্ডারদের সাথে স্থানীয় প্রতিক্রিয়া এবং এলাকার চাহিদা পূরণ করে এমন ভবিষ্যতের ব্যবহার সম্পর্কে দৃষ্টিকোণের জন্য নিযুক্ত হবে। এই প্রক্রিয়া অনুসরণ করে, কমিশন পরবর্তী পদক্ষেপের জন্য সুপারিশ সহ একটি পাবলিক রিপোর্ট তৈরি করবে।

আর তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেট প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের ওয়েবসাইটে যান।

ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সার্ভিসেসের (Department of Corrections and Community Services) ভারপ্রাপ্ত কমিশনার অ্যান্টনি জে. আনুচি বলেন, "1990-এর দশকের শুরুর দিকে বিভাগের সম্প্রসারণের সময় নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলি নতুন কারাগারগুলির উন্নয়নকে স্বাগত জানায়। আজ, যেহেতু কারাবন্দীর সংখ্যা হ্রাস পাচ্ছে এবং সংশোধনমূলক ফ্যাসিলিটিগুলি বন্ধ হয়ে গেছে, এটি গুরুত্বপূর্ণ যে আমরা এই সম্পত্তিগুলির পুনর্ব্যবহারের উপায়গুলি সনাক্ত করি যাতে কয়েক দশক আগের যে সম্প্রদায়গুলি এই ফ্যাসিলিটিগুলি গ্রহণ করেছিল, তাদের সহায়তা করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার

এরিক কুলেসিড বলেছেন, "প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের দক্ষ সদস্যদের সাথে কাজ করতে পেরে আমি সম্মানিত। আমার এজেন্সি অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থানের সৃষ্টি, সম্প্রদায়ের উন্নয়নের প্রচার এবং স্থানীয় ঐতিহ্য সংরক্ষণের জন্য এই ফ্যাসিলিটিগুলির পুনঃব্যবহারে সহায়তা করার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ জেনারেল সার্ভিসেসের (New York State Office of General Services) কমিশনার জিনেট ময় বলেছেন, "গভর্নর হোকল তার প্রশাসনের জন্য পুরো রাজ্যে জুড়ে বন্ধ কারাগারগুলির উৎপাদনশীল পুনর্ব্যবহারকে অগ্রাধিকার দিচ্ছেন। নতুন প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের একজন সদস্য হিসেবে আমি আমার সহকর্মীদের সাথে সরকারী, বেসরকারী এবং অলাভজনক খাতে কাজ করার জন্য উন্মুখ রয়েছি যাতে এই সম্পত্তিগুলিকে পুনঃবিকাশ করার সুযোগগুলি সনাক্ত করা যায় যা রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করবে এবং সমগ্র নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলিকে উপকৃত করবে।"

ডিভিশন অফ বাজেটের (Division of Budget) ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা, জুনিয়র বলেছেন, "এই কমিশন এই বৈশিষ্ট্যগুলি পুনরায় কল্পনা করার এবং স্থানীয় সম্প্রদায়গুলিকে, বিশেষ করে আপস্টেটকে উদ্দীপিত করার একটি সুযোগের প্রতিনিধিত্ব করে। আমি এই গুরুত্বপূর্ণ কমিশনে কাজ করতে পেরে গর্বিত যেটি সরকার, অ্যাডভোকেসির গ্রুপসমূহ এবং বেসরকারী খাতের গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের একত্রিত করে নিউ ইয়র্ক জুড়ে একটি পুনরুজ্জীবিত অর্থনীতির জন্য গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের উদ্দেশ্যে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবারের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রেয়ার্ডন বলেন, "বন্ধ থাকা কাঠামোগুলির জন্য নতুন জীবন পুনরায় কল্পনা করা সেই কাজ যা যাতে নিউ ইয়র্ক সর্বদা সেরা থেকেছে। নতুন জীবন মানে এই সম্প্রদায়গুলির বাসিন্দাদের জন্য নতুন কর্মজীবনের সুযোগসমূহ তৈরি করার আরেকটি সুযোগ। আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বশ্রেষ্ঠ অর্থনৈতিক চিন্তাধারার সাথে সহযোগিতা করতে পেরে গর্বিত বোধ করছি সেই সমাধানগুলি নিয়ে আসার জন্য যা এই সম্প্রদায়গুলি এবং আমাদের দক্ষ কর্মীবাহিনীকে উপকৃত করার জন্য নতুন পুনরুজ্জীবনের প্রকল্পের জন্ম দেয়।"

ডেবোরা বার্ক পার্টনারসের (Deborah Berke Partners) প্রতিষ্ঠাতা অংশীদার ডেবোরা বার্ক বলেছেন, "এই কাঠামোগুলিকে পুনর্বিবেচনা করার, তাদের সম্প্রদায়গুলির সাথে তাদের পুনরায় সংযুক্ত করার, তাদের চারপাশের পরিবেশ এবং তাদের মানুষদের সাথে তাদের সম্পর্ক গঠন এবং সংশোধন করার সময় এসেছে।"

দ্য বিজনেস কাউন্সিল অফ নিউ ইয়র্ক স্টেটের (The Business Council of New York State) প্রেসিডেন্ট ও CEO হেথার ব্রিকসেটি বলেছেন, "গভর্নর হোকলের দূরদৃষ্টির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এবং বেসরকারী খাতের কোম্পানিগুলি তাদের অর্থনৈতিক পদচিহ্নের পুনঃস্থাপন বা সম্প্রসারণের জন্য অনেক আপস্টেট সম্প্রদায়গুলির প্রকৃত অর্থনৈতিক উন্নয়নের সুযোগগুলিতে বিনিয়োগ করতে পারে। আমি কাজ করতে পেরে উচ্ছ্বাসিত এবং এই গুরুত্বপূর্ণ কাজের জন্য দায়প্রাপ্ত গ্রুপের অংশ হতে পেরে আমি গর্বিত।"

রেডবার্ন ডেভেলপমেন্টের (Redburn Development) অধ্যক্ষ জেফরি বুয়েল বলেছেন, "পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে আমাদের সামনে ভবিষ্যতের জীবন কী হতে পারে তা পুনরায় কল্পনা করার সুযোগসমূহ রয়েছে। এই ক্ষেত্রে, এই গ্রুপটিকে একটি পুনঃউন্নয়নের পরিকল্পনা তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছে যা বহু প্রজন্মের দু:খ সহন করার সাথে আসে। বিভিন্ন সম্প্রদায়গুলির অর্থনৈতিক সমৃদ্ধিগুলি বিস্তৃত, এমন কোন পদ্ধতি নেই যা সব ক্ষয়েতীরে কাজ করে, এবং এমন কি এই কথোপকথনে যোগ দিতে পেরে আমি সম্মানিত, এবং এই অত্যন্ত চ্যালেঞ্জিং কাজের জন্য অধীর আগ্রহে অপেক্ষারত।"

গ্যালেসি গ্রুপের (Galesi Group) প্রেসিডেন্ট ও CEO ডেভিড বুইকো বলেছেন, "আমি এই কমিশনের অংশ হতে পেরে এবং রাজ্যর প্রাক্তন সংশোধনের সুবিধাগুলি যে সম্প্রদায়ে অবস্থিত, তাদের উন্নতির জন্য এগুলি পুনরায় কল্পনা করে তার ফলে উপস্থাপিত অর্থনৈতিক উন্নয়নের সুযোগগুলির পূর্ণ সদ্ব্যবহার করার জন্য গভর্নর হোকলের সাথে যোগদান করতে পেরে আনন্দিত। গ্যালেসি গ্রুপের প্রাক্তন সরকারী ফ্যাসিলিটিগুলির পুনঃউন্নয়ন করার, অর্থনৈতিক ও কর্মসংস্থানের সুযোগসমূহ তৈরি করার এবং বন্ধ থাকা ফ্যাসিলিটিগুলি কর অর্জন করার মত অবস্থায় ফিরিয়ে দেওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য অভিজ্ঞতা রয়েছে। আমি অবিলম্বে কাজে লেগে পরার জন্য উন্মুখ।"

হাডসন ভ্যালি কমিউনিটি কলেজের (Hudson Valley Community College) অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মশক্তি উদ্যোগের ডিন পেনি হিল বলেছেন, "সমস্ত অর্থনৈতিক উন্নয়নের জন্য কর্মীদের উন্নয়ন প্রয়োজন। দক্ষ ও গতিশীল কর্মী বাহিনী গড়ে তোলা ছাড়া অর্থনৈতিক উন্নতি ঘটতে পারে না। অনেক শিল্প ক্রমবর্ধমান দক্ষতার ঘাটতি অনুভব করেছে, যা তাদের নিয়োগের ক্ষমতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করছে। হাডসন ভ্যালি কমিউনিটি কলেজের (Hudson Valley Community College) সাথে আমার, এই কাঠামোগুলিকে কীভাবে পুনর্বাসন করা যেতে পারে তা পুনরায় কল্পনা করার এবং রাজ্যের চারপাশে বর্ধিত কর্মশক্তি উন্নয়নের সাথে দক্ষতার প্রশিক্ষণের উদ্যোগগুলি অন্বেষণ করার আগ্রহ আছে। এটি নিউ ইয়র্কের শিল্পের কর্মশক্তির চাহিদা পূরণ করার সাথে আরও বেশি নিউ ইয়র্কবাসীদের ভাল বেতনের, দক্ষ পদে কাজ করতে দেবে। আমি এই উত্তেজনাপূর্ণ প্রকল্পে কাজ করার জন্য উন্মুখ।"

ক্রিস্টা হাইন্স, হাডসন রিভার হাউজিং ইনকর্পোরেটেডের (Hudson River Housing, Inc) CPA নির্বাহী পরিচালক বলেন, "হাডসন রিভার হাউজিং এর লক্ষ্য হল মানুষ এবং স্থানের উন্নতির জন্য সুযোগসমূহ তৈরি করা। আমি প্রিজন রিডেভেলপমেন্ট কমিশনের একটি অংশ হওয়ার অপেক্ষায় রয়েছি এটি নিশ্চিত করতে সাহায্য করার জন্য যে এটি ঠিক এই কাজই করবে - NYS-এর বন্ধ কারাগারগুলিকে অর্থনৈতিক এবং সম্প্রদায়ের সমৃদ্ধির নতুন স্থানে রূপান্তরিত করবে। আমরা এগিয়ে যাওয়ার সাথে এটি গুরুত্বপূর্ণ হবে যে আমরা রাজ্য জুড়ে বাসিন্দাদের এবং সম্প্রদায়গুলির স্থানীয় নেতাদের থেকে এটি সম্ভব করে তোলার সর্বোত্তম উপায়গুলি সম্পর্কে শোনার উপায় তৈরি করি এবং সাশ্রয়ী মূল্যের আবাসন এবং সম্প্রদায়ের বিকাশের সমৃদ্ধ কেন্দ্র তৈরি করা সম্পর্কে আমাদের অভিজ্ঞতা শেয়ার করি।"

দ্য ফরচুন সোসাইটির (The Fortune Society) ডেপুটি চিফ এক্সিকিউটিভ অফিসার স্ট্যানলি রিচার্ডস, বলেন, "রাজ্যের কারাগারের পদচিহ্ন হ্রাস করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার

জন্য এবং সেই সব ফ্যাসিলিটিগুলিকে সম্প্রদায়গুলি এবং সব চেয়ে বেশি প্রভাবিত মানুষদের অর্থনৈতিক সুযোগ প্রদান করার উদ্দেশ্যে পুনর্গঠন করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। এই কারাগারগুলি বন্ধ করে দেওয়া গণবন্দিত্বের উপর নির্ভরতা কমাতে এবং বন্দী জীবনের ট্রমা এবং তার ফলে সৃষ্ট সারা জীবনের জন্য হওয়া পরিণতির অভিজ্ঞতা করা বহু প্রজন্মের মানুষদের নিরাময় করার জন্য রাজ্যের প্রতিশ্রুতির প্রতীকস্বরূপ। এটি আমাদের আশা যে এই পদক্ষেপটি সেই সম্প্রদায়গুলির জন্য বৃহত্তর অর্থনৈতিক সুযোগের সূচনা করবে যারা কারারুদ্ধ হওয়ায় সব চেয়ে বেশি প্রভাবিত হয়েছে এবং এটি করার মাধ্যমে, একটি শক্তিশালী নিউ ইয়র্ক তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেট ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের নির্বাহী পরিচালক রায়ান সিলভা বলেছেন, "অভিযোজিত পুনঃব্যবহার হল অর্থনৈতিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ উপাদান, যার জন্য সরকারী, বেসরকারী, শিক্ষাগত এবং অলাভজনক খাতের মধ্যে একটি কৌশলগত পরিকল্পনা এবং অংশীদারিত্ব প্রয়োজন। NYSEDC গভর্নর হোকলকে এই কমিশন প্রতিষ্ঠায় নেতৃত্ব দেওয়ার জন্য, আমাদের অভিজ্ঞতা শেয়ার করার সুযোগ দেওয়ার জন্য এবং আমাদের সদস্যদের হয়ে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানায়। আমরা সমস্ত কমিটির সদস্যদের সাথে এমন একটি পরিকল্পনা তৈরি করার উদ্দেশ্যে কাজ করার জন্য উন্মুখ যা এই ফ্যাসিলিটিগুলির আধুনিকীকরণ করবে, অর্থনৈতিক সুযোগ তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে জীবনযাত্রার মান উন্নত করবে।"

ডিনানা ভ্যান বুরেন, ডিজাইনিং জাস্টিস অ্যান্ড ডিজাইনিং স্পেসসের (Designing Justice and Designing Spaces) প্রতিষ্ঠাতা বলেন, "সম্প্রদায়ে পুনরুদ্ধারমূলক পুনঃবিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে গণ-কারাবাসের অবসান ঘটানোর জন্য পরিকাঠামো নির্মাণকারী একমাত্র আর্কিটেকচার ফার্ম হিসাবে, ডিজাইনিং জাস্টিস + ডিজাইনিং স্পেসেস নিউ ইয়র্কের বন্ধ কারাগারগুলিকে পুনর্গঠন করার জন্য এই কমিশনে যোগ দিতে পেরে রোমাঞ্চিত৷ আটলান্টা সিটি ডিটেনশন সেন্টার নিয়ে প্রাক্তন আটলান্টা মেয়র কেইশা ল্যান্স বটমসের সাথে আমাদের ফার্মের কাজটি সেই পুনর্জন্মমূলক কাজের প্রমাণ যা কারবাসের চেয়ে পরিচর্যাকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে সম্পন্ন করা যেতে পারে। ডিজাইনিং জাস্টিস অ্যান্ড ডিজাইনিং স্পেসেস (Designing Justice and Designing Spaces, DJDS) কারাবাসের বিকল্প ডিজাইন এবং নির্মাণের ক্ষেত্রে বিশেষজ্ঞ - যা হল একটি "পরিচর্যার বাস্তুতন্ত্র" যার মধ্যে রয়েছে বিশেষায়িত পুনঃপ্রবেশের আবাসন, ভুক্তভোগীদের স্থান, ডাইভারশনের জন্য স্থান, শিক্ষা, পুনরুদ্ধারমূলক পুনঃবিনিয়োগ এবং তরুণ-তরুণীরা।"

রাজ্য সিনেটর জুলিয়া সালাজার বলেছেন, "গভর্নর হোকল এই কমিশন গঠন করার জন্য তার প্রতিশ্রুতি রেখেছেন। এটি বন্ধ কারাগারের সুবিধাগুলিকে এমন সাইট হিসাবে পুনর্গঠনের মাধ্যমে কারাগারের সংস্কারের কাজকে প্রসারিত করে যা সম্প্রদায়গুলিতে চাকরি এবং সুযোগ তৈরি করে - এমন চাকরি যা নিউ ইয়র্ক স্টেটে অর্থনৈতিক ইঞ্জিন হিসাবে কারাগারের উপর নির্ভরশীল নয়৷ আমি এই কমিশনে প্রতিনিধিত্ব করা অংশীদারিত্ব এবং নেতৃত্বের দ্বারা উৎসাহিত এবং আমি কমিশনের আরও চিন্তা-ভাবনা এবং সুপারিশগুলি দেখার জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন